



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
অডিট শাখা



www.rthd.gov.bd

নম্বর: ৩৫.০০.০০০০.০১০.০১.০০৭.২৩.৯৬

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩০

২৪ ফেব্রুয়ারি ২০২৪

### প্রজ্ঞাপন

অর্থ বিভাগ কর্তৃক প্রণীত অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ এবং ঝুঁকিভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা ম্যানুয়াল এর নির্দেশনা এবং গত ২৫.০১.২০২৪ তারিখে PIT Head, IA Scheme, SPFMS Program ও অর্থ বিভাগের অতিরিক্ত সচিব (ব্যয় ব্যবস্থাপনা ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ) এর সভাপতিত্বে প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত Inception of IAU of RHD & IA Scheme Technical Team and Workshop on Basic of Internal Audit (IA) Execution এর সিদ্ধান্ত মোতাবেক অনুযায়ী অত্র বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য নিম্নোক্তভাবে Internal Audit Unit পুনর্গঠন করা হলো:

ক্রম.	কর্মকর্তা/কর্মচারী'র পদবী	গ্রেড	Internal Audit Unit এর পদবী	সংখ্যা	মন্তব্য
১.	অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী	৩ অথবা ৪	Unit প্রধান	১	অতিরিক্ত দায়িত্ব
২.	পরিচালক	৫	পরিচালক	১	অতিরিক্ত দায়িত্ব
৩.	নির্বাহী প্রকৌশলী	৫ অথবা ৬	উপ-পরিচালক	২	সংযুক্তি/অতিরিক্ত দায়িত্ব
৪.	উপ-বিভাগীয় প্রকৌশলী	৬ অথবা ৭	সিনিয়র সহকারী পরিচালক	৩	সংযুক্তি/অতিরিক্ত দায়িত্ব
৫.	হিসাবরক্ষণ কর্মকর্তা	৯	সহকারী পরিচালক	৩	অতিরিক্ত দায়িত্ব
৬.	উপ-সহকারী প্রকৌশলী	১০	অডিটর	৩	সংযুক্তি/অতিরিক্ত দায়িত্ব
৭.	কম্পিউটার অপারেটর	১১	কম্পিউটার অপারেটর	২	সংযুক্তি/অতিরিক্ত দায়িত্ব
৮.	অফিস সহায়ক	২০	অফিস সহায়ক	২	সংযুক্তি/অতিরিক্ত দায়িত্ব

২. অর্থ বিভাগের স্মারক নম্বর ০৭.০০.০০০০.১৫৯.২৯.০০১.২২-৫১ তারিখ: ২৭.০৯.২০২৩ মোতাবেক প্রয়োজনীয় জনবল নিয়োগ করত: কার্যক্রম গ্রহণের জন্য বলা হলো।

৩. অর্থ বিভাগ কর্তৃক প্রণীত অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ এবং ঝুঁকিভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা ম্যানুয়াল এর পরিশিষ্ট-১ মোতাবেক এই ইউনিটের দায়িত্ব এবং কর্তব্য নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো:

- বিদ্যমান সরকারি আর্থিক প্রবিধান, নির্দেশাবলী এবং পদ্ধতির সাথে কমপ্লায়েন্স পর্যালোচনা;
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার কার্যকারিতা মূল্যায়ন;
- আর্থিক এবং অন্যান্য সম্পদ ব্যবহারে মিতব্যয়িতা এবং কার্যকারিতা মূল্যায়ন করা;

(ঘ) আর্থিক এবং অপারেটিং সিস্টেমে রাখা রেকর্ড এবং রিপোর্টিং এর নির্ভরযোগ্যতা ও অখন্ডতা পর্যালোচনা করা;

(ঙ) হিসাবের সঠিকতার জন্য প্রয়োজনীয় মান অনুযায়ী বার্ষিক উপযোজন হিসাব, ফান্ড হিসাব এবং অন্যান্য হিসাব বিবরণী প্রস্তুত ও পর্যালোচনা করা;

(চ) রিপোর্ট করা বা চিহ্নিত অনিয়মের তদন্ত ও সম্পদের অপচয় বা আর্থিক সম্পদ এবং সরকারি সম্পত্তির অপব্যবহার বা অপব্যবহারের ঘটনাগুলির বিষয়ে তদন্ত করা;

(ছ) সরকারের বকেয়া রাজস্ব এবং অন্যান্য প্রাপ্তিসমূহ অবিলম্বে সংগ্রহ করা, ব্যাংকে জমা করা এবং সম্পূর্ণরূপে হিসাবভুক্তি নিশ্চিত করা;

(জ) পদ্ধতি এবং প্রবিধানসমূহের সাথে কমপ্লায়েন্স নিশ্চিত করার জন্য রাজস্ব সংগ্রহ পয়েন্ট, প্রকল্প ও অন্যান্য সরবরাহ-বিতরণ ক্ষেত্রগুলি সরেজমিন যাচাই করা;

(ঝ) সময়ে সময়ে বরাদ্দের উপর বাজেটের নিয়ন্ত্রণ, প্রতিশ্রুতি, ব্যয়, রাজস্ব সংগ্রহ এবং হিসাবায়ন পর্যালোচনা;

(ঞ) আইন ও প্রশাসনিক কমপ্লায়েন্স নিশ্চিত করার জন্য বাজেট পুনর্বন্টন প্রক্রিয়া পর্যালোচনা; এবং

(ট) সরকারি ভৌত সম্পদ যথাযথভাবে রেকর্ড এবং নিরাপদ হেফাজতে রাখা নিশ্চিত করা।

৪. এতদ সংগে অত্র বিভাগের ০২.০১.২০২৪ খ্রিস্টাব্দ তারিখের ৩৫.০০.০০০০.০১০.০১.০০৭.২৩-২ নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনটি বাতিল করা হলো।

৫. জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২৪-২-২০২৪

মুহাম্মদ কামরুল হাসান

উপসচিব

ফোন: +৮৮-০২-৯৫৭৫৫২৮

ফ্যাক্স: ৪৪-০২-৯৫৫৩৯০০

ইমেইল: dsaudit@rthd.gov.bd

নম্বর: ৩৫.০০.০০০০.০১০.০১.০০৭.২৩.৯৬/১(১৪)

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩০

২৪ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) সচিব, অর্থ বিভাগ

৪) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৫) অতিরিক্ত সচিব, বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ [National Program Director,

## Strengthening Public Financial Management Program to Enable Service Delivery (SPFMS)]

- ৬) অতিরিক্ত সচিব, ব্যয় ব্যবস্থাপনা ও অভ্যন্তরীণ নিরীক্ষা, অর্থ বিভাগ
- ৭) প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৯) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১০) যুগ্মসচিব, বাজেট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১১) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৩) চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট (সিনিয়র সিস্টেম এনালিস্ট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)